দৈনিক বাংলা

তারিখ 13 JUL 1986
পৃষ্ঠা 1 কলাম 7

046

# ছয় শ প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা হবে

সরকার সর্বজনীন প্রাথমিক শিক্ষা (দ্বিতীয় পর্যায়) প্রকল্পের অধীনে দেশের বিভিন্ন এলাকায় ছয়শ ১৯টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ ও সাতশ ৫২টি প্রাথমিক বিদ্যালয় মেরামতের কাজ হাতে নিয়েছেন। শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ফ্যাসিলিটিস বিভাগের তত্ত্বাবধানে এসব বিদ্যালয়ের মেরামত ও নির্মাণ কাজ এগিয়ে চলেছে। খবর তথ্য বিবরণীর।

সর্বজনীন প্রাথমিক শিক্ষা (ইউপিই) প্রকল্পের জন্য তৃতীয় পাঁচসালা পরিকল্পনাকালে মোট পাঁচশ ১২ কোটি ৬৮ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে। এই প্রকল্পের অধীন দেশের মেট্রোপলিটন শহরগুলোতে মোট একশ ৫৬টি প্রাথমিক

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ৮ নির্মাণ করা হবে

(১-এর পৃঃ পর)

বিদ্যালয় নির্মাণ করা হবে। প্রতিটি বিদ্যালয়ের ব্যয় পড়বে প্রায় ২৪ লাখ টাকা। বিশ্বব্যাংক এ ব্যাপারে অর্থ সাহায্য করবে।

এই প্রকল্পের আওতাধীন দেশের প্রতিটি জেলা সদর দফতরে একশ ১৯টি দোতলা প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা হবে। ঢাকা, খুলনা, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগীয় শহরে ১৯টি দোতলা প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ সমাপ্তির পথে।

দেশের একশ দুটি উপজেলাকে সর্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের আওতায় আনা হয়েছে। এ পর্যায়ে ছয় শ ১৯টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণে আট কোটি ৪০ লাখ টাকা ব্যয় হবে এবং সাতশ ৫২টি প্রাথমিক বিদ্যালয় মেরামত কাজে ব্যয় হবে আট কোটি ৯৩ লাখ টাকা।

বন্যাদুর্গত এলাকায় ছয় কোটি ১৩ লাখ টাকা ব্যয়ে তিনশ ২২টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা হয়েছে। তাছাড়া উপকূলীয় এলাকায় গত অর্থ বছরে এক শ ৮০টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণের কাজ হাতে নেয়া হয়েছে এবং ৫৯টির কাজ শেষ হয়েছে।